



একই স্মারক ও তারিখে ছুলাভিষিক্ত  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
৮/সি শেরেবাংলা নগর, আগারগাঁও  
ঢাকা-১২০৭।  
www.bteb.gov.bd



স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৩.৩৫.০০২.১২-২৯৮

তারিখ: ১৮-০৭-২০২১ খ্রি.

বিষয়: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরিচালিত ২০২১ শিক্ষাবর্ষে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম ও দশম শ্রেণি বোর্ড ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলমান কোভিড-১৯ মহামারির কারণে দেশের সকল পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম ব্যাহত হয়েছে। সংগতকারণে শিক্ষাবর্ষের পাঠ্যসূচি পূর্ণাঙ্গরূপে সম্পন্ন করা সম্ভব হয়নি। সে প্রেক্ষিতে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এর সহযোগিতায় ২০২১ শিক্ষাবর্ষের বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) কোর্সের নবম ও দশম শ্রেণির বোর্ড ফাইনাল পরীক্ষার সাধারণ বিষয়ের মধ্যে পদার্থ বিজ্ঞান ও ট্রেড ভিত্তিক প্রণীত পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে ১২ সপ্তাহের অ্যাসাইনমেন্ট প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত অ্যাসাইনমেন্টসমূহ থেকে ১ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বোর্ডের ওয়েবসাইট [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd) ⇒ বিজ্ঞপ্তি ⇒ এস,এস,সি পর্যায়ে এ প্রকাশ করা হলো। উল্লেখ্য, প্রতি সপ্তাহে (রবিবার ও বৃহস্পতিবার) ০২ (দুই) টি অ্যাসাইনমেন্ট আপলোড করা হবে।

প্রতিষ্ঠান প্রধানগণকে অ্যাসাইনমেন্ট সংক্রান্ত নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

- অ্যাসাইনমেন্ট প্রদান/গ্রহণের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান সময়সূচি নির্ধারণ এবং আলাদাভাবে প্রদান/গ্রহণের ব্যবস্থা করবেন। এক্ষেত্রে অনলাইনের সাহায্যে/সামাজিক দূরত্ব বজায় রেখে প্রতিষ্ঠান প্রধান/অভিভাবক নিজস্ব ব্যবস্থাপনায় অ্যাসাইনমেন্ট প্রেরণ ও গ্রহণ করবেন।
- মূল্যায়ন সংক্রান্ত সংশ্লিষ্ট সকল ডকুমেন্টস (অ্যাসাইনমেন্ট জমা দানের রেজিস্ট্রারসহ) প্রতিষ্ঠানে অবশ্যই সংরক্ষণ করতে হবে।
- কোনো শিক্ষার্থী অ্যাসাইনমেন্ট জমাদানে অপারগ হলে সংশ্লিষ্ট শিক্ষক তা রেকর্ড রাখবেন এবং এতদ্বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- অ্যাসাইনমেন্টে উল্লিখিত মূল্যায়ন রুব্রিক অনুযায়ী শিক্ষকগণ শিক্ষার্থীদের নিকট হতে প্রাপ্ত অ্যাসাইনমেন্টসমূহ মূল্যায়ন করবেন।

বিষয়টি অতিব জরুরী।

সংযুক্তি: ১ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট (১+২৯+১+২৯ = ৬০টি)।

  
২৬/৭/২১

(প্রকৌশলী ফরিদ উদ্দিন আহম্মেদ)  
পরিচালক (কারিকুলাম)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোন নম্বর: ০২-৫৫০০৬৫২৩

প্রাপক:

১. অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট  
সকল সরকারি টিএসসি/টিটিসি/টিভিআই।
২. অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক  
এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) কোর্স চালুকৃত বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৩.৩৫.০০২.১২-২৯৮(১৬)

তারিখ: ১৮-০৭-২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি), শিক্ষা ভবন, ঢাকা।
০৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড ভবন, নিউ বেইলি রোড, ঢাকা।
০৫. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০।
০৬. মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (১০ম তলা), কারওয়ান বাজার, ঢাকা।
০৭. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), ঢাকা।
০৮. প্রকল্প পরিচালক, “১০০টি উপজেলায় একটি করে টিএসসি স্থাপন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প, ঢাকা-১২০৭।
০৯. যুগ্মসচিব (কারিগরি-০৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১০. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।  
১১-১৩. পরিচালক (আইটিসি)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।  
১৪. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (সংযুক্তিসহ পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)  
১৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।  
১৬. সংরক্ষণ নথি।

১৮-৫৭-২৫২১

(মুহঃ আবদুর রাজ্জাক মিঞা)  
কারিকুলাম বিশেষজ্ঞ (এসএসসি ভোকেশনাল)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোন নম্বর: ০২-৫৫০০৬৫৩৮